সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

বরিশাল শাখা, বরিশাল

অথ ঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বরিশাল শাখার বিনিয়োগ গ্রহীতা **আগফা এগ্রো প্রোডাক্টস লিঃ,** মঞ্জুর আলম মোল্লা (ব্যবস্থাপনা পরিচালক), পিতাঃ আবদুল আউয়াল মোল্লা, মাতাঃ মোসাঃ খালেদা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ গ্রামঃ কেশবকাঠী, পোঃ যোগীরকান্দা, থানাঃ উজিরপুর, বরিশাল। স্থায়ী ঠিকানাঃ মোল্লা বাড়ী, গ্রামঃ কেশবকাঠী, পোঃ যোগীরকান্দা, থানাঃ উজিরপুর, বরিশাল এবং বর্তমান ঠিকানাঃ সেক্টর # ১১, রোড # ০১, বাড়ি # ১৫ (৩য় তলা), উত্তরা, ঢাকা, এর নিকট ২১.০৬.২০২৬ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোটঃ ৩,২৫,৫৯,৮৯৮.৭২ টাকা (তিন কোটি পঁচিশ লক্ষ উনষাট হাজার আটশত আটানব্বই পয়েন্ট সাত দুই টাকা মাত্র) এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছেঃ

শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে "সম্পত্তি নিলামের ক্রয়ের দরপত্র" লিখিয়া আগামী ১৪/০৯/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বরিশাল শাখার, ঠিকানা# ০১ নং কাটপট্টি রোড, বরিশাল, বরিশাল রক্ষিত দরপত্র বাক্সে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যেকোন তফসিলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বরিশাল শাখা, বরিশাল এর অনকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।

৬. দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করতে হবে।

৮. কম জামানত সমেত/ জামানতবিহীন/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।

১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।

১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারনে গ্রহনযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহনে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।

১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

তফসিল-০১

জিলা-বরিশাল, উপজেলা-উজিরপুর, জে.এল ২০ নং কেশবকাঠী মৌজার এস.এ ৭৩৮, ৭৩৯, ৯৪২ তথা জমা খারিজী ৯৪৬ নং খতিয়ানে এস.এ ২৮৮, ২৮৯, ২৯০ নং দাগে ১-৬২ (এক একর বাষট্টি) শতাংশ ভূমি ও তদুপরিস্থিত অবকাঠামো যাহা আছে এবং ভবিষ্যতে যাহা নির্মিত হইবে উহাও অত্র দলিলের স্বত্ব। যাহা বি.এস ১৬৪৪ নং খতিয়ানে বি.এস ৪৭৩ নং দাগের ভূমি বটে। চৌহদ্দী: উত্তরে- বরিশাল-সাতলা রোড, দক্ষিণে-সন্ধা নদী, পূর্বে-মনিন্দ্র মাস্টারের জমি, পশ্চিমে-খাল।

তফসিল-০২

জিলা-বরিশাল, উপজেলা- উজিরপুর, জে.এল ২০ নং কেশবকাঠী মৌজার এস.এ ২৮৬, ২৮৭ তথা জমা খারিজী ৯৮২ নং খতিয়ানে এস.এ ২২৫০, ২২৫১, ২২৫৫, ২২৫৬, নং দাগে ২-৪৭ (দুই একর সাতচল্লিশ) শতাংশ ভূমি অত্র দলিলের স্বত্ব। যাহা বি.এস (ডিপি) ১৩৫০ নং খতিয়ানে বি.এস ৩৮১০, ৩৮১১, ৩৮১৫, ৩৮০৯, ৩৮১৬ নং দাগের ভূমি বটে। চৌহদ্দীঃ উত্তরে-শাহ আলম মোল্লার জমি, দক্ষিণে- সন্ধা নদী, পূর্বে- মোঃ রানা মোল্লার জমি, পশ্চিমে- মোঃ কামাল মোল্লার জমি।

তফসিল-০৩

জিলা-বরিশাল, উপজেলা- বানারীপাড়া, জে.এল ২১ নং বাওয়ালিয়া মৌজার এস.এ ০৬, ১৯, ৬০, ৫৯ তথা জমা খারিজী ১১৭ নং খতিয়ানে এস.এ ৪৭১, ৪৭২, ৪৭৩, ৪৮২, ৪৮৩, ৪৮৪, ৪৬৪, ৪৭০, ৪৬২, ৪৬৫, ৪৬৬ নং দাগে ৫-৫৪.৫০ (পাঁচ একর চুয়ান্ন দশমিক পাঁচ শূন) শতাংশ ভূমি অত্র দলিলের স্বত্ব বটে। চৌহদ্দীঃ উত্তরে- সন্ধা নদী, দক্ষিণে- জগেন্দ্র নাথের জমি, পূর্বে-কৃষ্ণ বড়ালের জমি, পশ্চিমে-বাওয়ালীয়া খেয়াঘাট রোড।

তফসিল-০৪

জিলা-বরিশাল, উপজেলা- উজিরপুর, জে.এল ০৮ নং কালবিলা মৌজার এস.এ ২৪১, ১১৩ তথা জমা খারিজী ৩০২ নং খতিয়ানে এস,এ ১০২৪, ১০২৫, ১০২৬, ১০৪০, ১০৩০/১২৭১, ১০৩০/১২৭২ নং দাগে ১৮-৯৪ (আঠারো একর চুরানব্বই) শতাংশ ভূমি। যাহা বি.এস ৪০০১, ১৫৭৬, ১৫৭৭, ১৫৭৯, ১৫৮০, ১৫৮১, ১৫৮২, ১৫৮৩, ১৫৮৪, ১৫৮৬, ১৫৯২, ১৬৩২, ১৬৩৩, ১৬৩৪, ১৬৩৫, ১৬৩৬ নং দাগের ভূমি বটে। চৌহদ্দীঃ উত্তরে-মোঃ হাসেম আলীর মৎস্য খামার, দক্ষিণে-সুরেন হাওলাদার গং দের মৎস্য খামার, পূর্বে- সাত্তার রাঢ়ী গং দের মৎস্য খামার, পশ্চিমে-চিত্রার মৎস্য খামার।

তফসিল-০৫

জিলা-বরিশাল, উপজেলা-উজিরপুর, জে.এল ১৩ নং হারতা মৌজার এস.এ ৪১১ তথা জমা খারিজী ৪১১/১ নং খতিয়ানে এস.এ ১১২৬ নং দাগে ০২ (দুই) শতাংশ ভূমি ও তদুপরিস্থিত অবকাঠামো যাহা আছে এবং ভবিষ্যতে যাহা নির্মিত হইবে উহাও অত্র দলিলের স্বত্ব। যাহা বি.এস (ডিপি) ১৮২২ নং খতিয়ানে বি.এস ২৩৭৬ নং দাগের ভূমি বটে। চৌহদ্দীঃ উত্তরে-বন্ধক দাতার জমি, দক্ষিণে-মোঃ শাহজাহান মৃধার জমি, পূর্বে-বন্ধক দাতার জমি এবং রাস্তা, পশ্চিমে-মোঃ সায়েমের জমি।

তফসিল-০৬

SL	DESCRIPTION	Unite Price (USD)	Unite
01	SUPPLY 1 UNITE BRAND NEW CAPITAL MACHINERY FOR PREPARING ANIMAL FEEDING STAFF POULTRY, WITH STANDARD ACCESSORIES.	311000.00	1

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি
বরিশাল শাখা, বরিশাল এর পক্ষে।
শাখা ব্যবস্থাপক মোবাইল নং # ০১৭১৩-১৩৯০৭৩

14x 2